ED(MIS)-591
23/06/2025

BEPZA

কুমিল্লা ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ড
কুমিল্লা রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা
পুরাতন বিমান বন্দর এলাকা, কুমিল্লা-৩৫০০।

EPZ HOSPITAL BEPZA

সূত্রঃ ০৩.০৬.১৯৩৩.৩৩৫.১১.০১৬.০৬.২১

তারিখঃ ১৯ জুন, ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

কুমিল্লা ইপিজেড মেডিকেল সেন্টারের নিম্নোক্ত শূন্য পদে লোকবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা (২০/০৭/২০২৫ তারিখে) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | চিকিৎসা কর্মকর্তা<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-০৯) | ০২ জন | অনূর্ধ্ব ৩২ বৎসর | এমবিবিএস ডিগ্রিধারী এবং বিএমডিসি রেজিস্ট্রেশন প্রাপ্ত। |
| ০২ | সিনিয়র স্টাফ নার্স<br>১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ০১ জন | অনূর্ধ্ব ৩২ বৎসর | সরকারি স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে ৩ বৎসর মেয়াদী নার্সিং ডিপ্লোমাধারী। বাংলাদেশ নার্সিং কাউন্সিল হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত। |
| ০৩ | ফার্মাসিষ্ট<br>১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১) | ০১ জন | অনূর্ধ্ব ৩২ বৎসর | সরকারি স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে ফার্মাসিতে ০৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমাধারী হতে হবে। ফার্মেসি কাউন্সিল এর রেজিস্ট্রেশন প্রাপ্ত। |
| ০৪ | ল্যাব টেকনিশিয়ান<br>১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১) | ০১ জন | অনূর্ধ্ব ৩২ বৎসর | সরকারি স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে ০৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি (ল্যাব)। |
| ০৫ | ল্যাব এ্যাটেনডেন্ট<br>৮৫০০-২৪৫৭০/- (গ্রেড-১৯)<br>অথবা<br>৮ম শ্রেণী পাশের ক্ষেত্রে<br>৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০১ জন | অনূর্ধ্ব ৩২ বৎসর | এসএসসি পাশ বা সমমানের ডিগ্রিধারী<br>অথবা<br>৮ম শ্রেণী পাশ। |
| ০৬ | মালী<br>৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০১ জন | অনূর্ধ্ব ৩২ বৎসর | অষ্টম শ্রেণী পাশসহ পেশাগত কাজে ০২ বছরের অভিজ্ঞতা। |

**শর্তাবলীঃ**

০১) সরকার কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরমে দরখাস্ত আগামী ২০/০৭/২০২৫তারিখের মধ্যে সদস্য সচিব, কুমিল্লা ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাষ্টি বোর্ড, কুমিল্লা ইপিজেড, কুমিল্লা-৩৫০০, বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। অত্র অফিসে সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে। আবেদনের নমুনা বেপজা এর ওয়েবসাইটঃ www.bepza.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

০২) উল্লিখিত তারিখের পর ডাকযোগে কিংবা অন্য কোন উপায়ে প্রেরিত দরখাস্ত গ্রহণ করা হবে না। বয়স প্রমানের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে। প্রাথমিক বাছাই এর পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হবে।

০৪) দরখাস্তের খামের উপরের মাঝখানে প্রার্থীত পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

০৫) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৬) নিয়োগের ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের বয়স শিথিলযোগ্য।

০৭) **Comilla EPZ MCTB** এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে উল্লিখিত চিকিৎসা কর্মকর্তা ও সিনিয়র স্টাফ নার্স পদের জন্য ২০০/- (দুইশত) টাকা, ফার্মাসিষ্ট ও ল্যাব টেকনিশিয়ান পদের জন্য ১৫০ (একশত পঞ্চাশ) টাকা এবং ল্যাব এ্যাটেনডেন্ট ও মালী পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার MICR পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (অফেরতযোগ্য) দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে। দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজ পত্রাদি দাখিল করতে হবেঃ

ক) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।
খ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজের ছবি।
গ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঘ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত সত্যায়িত জাতীয়তা সনদপত্রের কপি/ন্যাশনাল আইডি কার্ডের কপি।
ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/পৌরসভার পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সদনপত্র।
চ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

০৮) কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শণ ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত অথবা মৌখিক পরীক্ষার কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সহিত দাখিলকৃত কোন কাগজপত্র ফেরৎ দেয়া হবে না। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯) কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।

১৯/০৬/২০২৫
(মোঃ ফেরদৌসুর রহমান)
অতিরিক্ত নির্বাহী পরিচালক (শিল্প সম্পর্ক), কুমিল্লা ইপিজেড
ও
সদস্য সচিব, কুমিল্লা ইপিজেড এমসিটিবি